দর্শনায় পৃথক ভাবে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৃথক পৃথক ভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে দর্শনা পৌর আওয়ামীলীগের উদ্দগ্যে নানা কর্মসূচি পালিত হয়েছে।

এ উপলক্ষ্যে আজ রবিবার (১৭ মার্চ) সকাল ৯ টায় দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যলয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক ও নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা, বিল্লাল হোসেন, সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর, দাউদ হোসেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা কলেজ ছাত্রলীগনেতা পারভেজ, লোমান, মিল্লাত, অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কলেজ ছাত্রলীগের সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু।

শ্রদ্ধাঞ্জলি শেষে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য বলেন, বঙ্গবন্ধু মানুষের হৃদয়ে চলার পথের বাতিঘর হয়ে থাকবেন । তাঁর আদর্শ ও দর্শন আমরা যতদিন অনুসরণ করে চলবো ততদিন এ জাতি পিছু পা হবে না। বঙ্গবন্ধু না হলে আমরা স্বাধীনতা পেতাম না। স্বাধীননতার সুফল প্রত্যেক ঘরে ঘরে পৌঁছে দেওয়া আমাদের অঙ্গীকার হোক।

অপরদিকে দর্শনা ঐতিহ্যবাহী কেরু এ্যান্ড কোম্পানীর নানা আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯ টায় দর্শনা কেরুজ ক্লাব মাঠে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন দর্শনা কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, ফাইন্যাস অর্থ আব্দুস ছাত্তার, মিল কারখানার মহা ব্যাবস্থাপক সুমন কুমার সাহা, দর্শনা চিনিকলের মহা ব্যাবস্থাপক প্রশাসন এডি এম ইউসুফ আলী, কেরুজ শ্রমিক কর্মচারী

ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদসহ শ্রমিক কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ভোক্তা অধিকার দিবস পালিত

কোটচাঁদপুরে ভোক্তা অধিকার দিবস পালিত হয়েছে। তবে দিবসে ছিলেন না জনপ্রতিনিধি ও ব্যবসায়িরা। আজ শুক্রবার স্থানীয় অফিসার্স ক্লাবে এ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে সভায় সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কমান্ড কাউন্সিলের সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন।

এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী, কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) শামীম হোসেন, প্রকল্প কর্মকর্তা জহুরুল ইসলাম, উপজেলা ক্যাবের সভাপতি প্রভাষক তুহিন, সদস্য শরিফুজ্জামান আগা খান ও গণমাধ্যম কর্মী সুব্রত কুমার।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।দিবসটি নিয়ে বক্তারা বাজার ব্যবস্থা, বাজার মনিটরিং সহ বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

ঝিনাইদহে বিশ্ব ভোক্তা-অধিকার

দিবস পালিত

“স্মার্ট বাংলাদেশ গড়ি, ভোক্তার স্বার্থে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালিত হয়েছে।

আজ শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ঝিনাইদহ এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্র নাথ রায় এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

ভোক্তা অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নিশাত মেহের এর উপস্থাপনায় বক্তব্য রাখেন ক্যাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি আমিনুর রহমান টুকু, বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, এন এম শাহজালাল, ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি এম এ কবীর, হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সাধন সরকার, টিসিবি ঝিনাইদহ কার্যালয়ের সহকারী পরিচালক আতিকুর রহমান, ক্যাব ঝিনাইদহ জেলা শাখার সাধারণ সম্পাদক শরিফা খাতুন পমুখ। সভায় প্রামান্য চিত্র প্রদর্শনীর মাধ্যমে ভোক্তাদের অধিকার সংরক্ষণ এবং আইনি প্রতিকার বিষয়ক তথ্য তুলে ধরা হয়।

প্রধান অতিথির বক্তৃতায় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বলেন, ভোক্তাদের অধিকার রক্ষায় সরকার নানামুখী পদক্ষেপ নিয়েছে। এরই ধারাবাহিকতায় ২০০৯ সালের ৬ এপ্রিল ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন প্রণয়ন করে। তিনি বলেন কোন না কোন ভাবে আমরা সকলেই ভোক্তা, এ জন্য আমাদের সচেতন হতে হবে।

সভায় জেলার বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, সরকারী দপ্তরের কর্মকর্তা এবং ভোক্তা অধিকার নিয়ে কাজকরা স্বেচ্ছাসেবী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত

“দুর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো” এ শ্লোগানে ঝিনাইদহে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত হয়েছে গতকাল শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন।

জেলা প্রশাসক এস. এম. রফিকুল ইসলামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক রথীন্দ্র নাথ রায়, সহকারী কমিশনার তারেক আজিজ, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন, জেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক মোহাঃ আব্দুল সালাম সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা।

পরে জেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীদের দুর্যোগ ব্যবস্থাপনায় মহড়া প্রদর্শন করা হয়।

কোটচাঁদপুরে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস পালিত

কোটচাঁদপুরে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস পালিত হয়েছে। রবিবার এ উপলক্ষে আলোচনা সভা,র্যালী ও দূর্যোগ প্রস্তুতি মূলক মহড়া করা হয়।

দিবসটি পালন সকালে কোটচাঁদপুর উপজেলা চত্বর থেকে র্যালী বের হয়। র্যালীটি শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদর্ক্ষিন করেন।

পরে এলাঙ্গী মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয় মাঠে দূর্যোগ প্রস্তুতি মূলক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়া পরিচালনা করেন কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার আক্কাস আলী। এ সময় ফায়ার সার্ভিস সদস্যরা দূর্যোগ প্রস্তুতির বিভিন্ন মহড়া প্রদর্শন করেন।এরপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান খান,বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোঃ জহিরুল ইসলাম,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম,কৃষি কর্মকর্তা রাজিবুল ইসলাম,সাংবাদিক সুব্রত, সাংবাদি মোঃ মঈন উদ্দিন খান, সাংবাদিক আব্দুল্লাহ বাসার ।

গাংনীতে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত

‘ ‘দূর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো’’ এই প্রতিপাদ্যে গাংনীতে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে রোববার (১০ মার্চ) সকাল ১০ টায় শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পরে গাংনী ফুটবল মাঠে এক মোহড়া অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর আয়োজিত আলোচনা সভায় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) নিরঞ্জন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

আলোচনা সভায় বক্তব্য রাখেন ডাক্তার আদিলা আজহার আরশী, বামন্দি ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের টিম লিডার ইসাহক আলী।

এসময় সরকারী বেসরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কমর্চারীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস।

দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০ টার সময় জেলা শিল্পকলা একাডেমীর সামনে থেকে একটি শোভাযাত্রা বের হয়।

শোভযাত্রায় নেতৃত্ব দেন জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) মোঃ শামীম হোসেন । এছাড়াও এসময় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলা হাফিয়া, মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ কাজী আশরাফুল আলম সহ সরকারী কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়। র্যালী শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনায় পৌর আওয়ামীলীগের আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

দর্শনায় ঐতিহাসিক ৭ই মার্চ যথাযথ মর্যাদার সাথে পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে দিবসটি পালন করা হয় দর্শনা পৌর আওয়ামীলীগের

দলীয় কার্যালয়ে। জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয় পৌর আওয়ামীলীগের কার্যালয়ে।

বিকালে দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তব্য দেন, দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক, দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, পৌর আওয়ামী লীগের যুগ্নসম্পাদক গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা শফিকুল আলম, হাজি ইদ্রিস আলী, কামাল উদ্দিন আহমদ সান্টু জয়নাল আবদীন নফর, কেরুজ শ্রমিক নেতা মনিরুল ইসলাম প্রিন্স, দামুড়হুদা উপজলা যুবলীগের সভাপতি আব্দুল হানান ছোট, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন প্রমুখ।

মুজিবনগরে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ মার্চ পালন করা হয়েছে।

১৯৭১সালের এই দিনে ঢাকার রমনার রেসকোর্স ময়দান (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যানে) অনুষ্ঠিত জনসভায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত এক ঐতিহাসিক ভাষণ। তিনি উক্ত ভাষণ বিকেল ২টা ৪৫ মিনিটে শুরু করে বিকেল ৩টা ৩ মিনিটে শেষ করেন। উক্ত ভাষণ ১৮ মিনিট স্থায়ী হয়।এই ভাষণের মাধ্যমে তিনি তৎকালীন পূর্ব পাকিস্তানের (বর্তমানে বাংলাদেশ) বাঙালিদেরকে স্বাধীনতা সংগ্রামের জন্য প্রস্তুত হওয়ার আহ্বান জানান।

২০১৭ সালের ৩০শে অক্টোবরে ইউনেস্কো ৭ই মার্চের ভাষণকে “ডকুমেন্টারি হেরিটেজ” (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি

দেয়।

সেই ঐতিহাসিক দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার (৭ই মার্চ) সকাল সাড়ে ৯টার সময় মুজিবনগর মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্স এ অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ও ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার নাজমুস সাদাত রত্ন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (তদন্ত) মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমান হোসেন মিলু,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন সাধারণ সম্পাদক তহমিনা খাতুন উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন সাধারণ সম্পাদক আইয়ুব হোসেন, উপজেলা ইয়ং বাংলা ফিউচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটুসহ বিভিন্ন রাজনৈতিক সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা।

পরে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ৭ই মার্চের তাৎপর্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলির আয়োজন করা হয়েছে।

বৃহস্পতিবার (৭ই মার্চ) সকাল সাড়ে নয়টার দিকে জেলা প্রশাসকের

কার্যালয় প্রাঙ্গনে যথাযথ মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি প্রদান করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প মাল্য অর্পণ করেন মেহেরপুর জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) মোঃ শামীম হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান, প্রশাসনিক কর্মকর্তা মো: মাহাফুজ জামান, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাজেদুল ইসলাম,সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ আবীর হোসেন, পিপি পল্লব ভট্টাচার্য,সদর উপজেলা চেয়ারম্যান লতিফুন্নেছা লতা,পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন,জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড.ইব্রাহিম শাহিন ও মুক্তিযোদ্ধাগণ।

এ সময় মেহেরপুর সিভিল সার্জন, মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক, গণপূর্ত বিভাগ, আনছার ও ভিডিপি মেহেরপুর,এলজিডি মেহেরপুর, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মেহেরপুর, মেহেরপুর জেলা শিক্ষা অফিস, মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিস, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, জেলা খাদ্য নিয়ন্ত্রক, মেহেরপুর জেলা তথ্য অফিস, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর সদর উপজেলা পরিষদ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসের বিভিন্ন কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।